তারিখ : 22 OCT 2017
পৃষ্ঠা ১৬ কলাম ...

সংবাদ

### সব উপজেলায় কলেজ জাতীয়করণ

# বেসরকারি শিক্ষকদের ক্যাডারভুক্তি প্রতিহত করার ঘোষণা

**নিজস্ব বার্তা পরিবেশক**

সারাদেশে উপজেলা পর্যায়ে জাতীয়করণ হওয়া কলেজ শিক্ষকদের ক্যাডারভুক্তির বিরুদ্ধে লাগাতার আন্দোলনে নামছেন সরকারি কলেজ শিক্ষকদের সংগঠন 'বিসিএস সাধারণ শিক্ষা সমিতি'র নেতারা। এর অংশ হিসেবে আজ সমিতির নেতারা একযোগে সারাদেশে বেলা ১২টায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করবেন।

গতকাল বিসিএস সাধারণ শিক্ষা সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে আরও বলা হয়, 'গত ১৩ অক্টোবর বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভায় সাম্প্রতিক সময়ে দেশের সব উপজেলায় কলেজ জাতীয়করণের বিষয়ে সরকারের সিদ্ধান্তকে স্বাগত জানানো হলেও ওইসব কলেজের শিক্ষকদের ক্যাডারভুক্তির চক্রান্তের বিষয়ে গভীর উৎকণ্ঠা ও উদ্বেগ প্রকাশ করা হয়।'

তাদের বক্তব্য, বেসরকারি কলেজ শিক্ষকদের কোনভাবেই ক্যাডার মর্যাদা দেয়ার সিদ্ধান্ত মেনে নেয়া হবে না, প্রয়োজনে লাগাতার আন্দোলনের মাধ্যমে এই সিদ্ধান্ত প্রতিহত করা হবে। যেনতেন প্রক্রিয়ায় নিয়োগ পাওয়া বেসরকারি শিক্ষকরা ক্যাডার মর্যাদা পেলে শিক্ষা ক্যাডারের অস্তিত্ব হুমকির মুখে পড়বে বলে শিক্ষা সমিতি নেতাদের আশঙ্কা। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, বেসরকারি কলেজ শিক্ষকদের ক্যাডারভুক্তি প্রতিহত করতে আগামী ১১ নভেম্বর ১০টি সাংগঠনিক বিভাগে এবং ১২ নভেম্বর ঢাকায় বিভাগীয় বেসরকারি : পৃষ্ঠা : ২ ক : ৫

## বেসরকারি : শিক্ষকদের

(১৬ পৃষ্ঠার পর)

পর্যায়ে সমাবেশের আয়োজন করা হয়েছে। এরপর ১৬ নভেম্বরের মধ্যে এ সংক্রান্ত বিধিমালা জারি করা না হলে ১৭ নভেম্বর ঢাকায় মহাসমাবেশের মাধ্যমে লাগাতার আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

খোঁজ নিয়ে জানা গেছে, প্রধানমন্ত্রী ইতোমধ্যে উপজেলা পর্যায়ের ২৮৫টি বেসরকারি কলেজকে জাতীয়করণের ঘোষণা দিয়েছেন। তার অনুমোদন পাওয়া ১৯৯টি বেসরকারি কলেজের ওপর বর্তমানে পরিদর্শন প্রতিবেদন প্রণয়নের কাজ করছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর।

জাতীয়করণসহ বর্তমানে দেশের সরকারি কলেজ রয়েছে ৩৩৫টি। এর মধ্যে পিএসসি'র মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষা ক্যাডার সদস্য আছেন প্রায় ১৫ হাজার। ২৮৫টি কলেজ জাতীয়করণ হলেও সেগুলোর প্রায় ৭/৮ হাজার শিক্ষক আত্তীকৃত হবেন। তাদের ক্যাডার মর্যাদা নিয়েই জটিলতা সৃষ্টি হয়েছে।

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় প্রথমে এই জটিলতা নিরসনের উদ্যোগ গ্রহণ করেনি। তারা ২০০৯ থেকে ২০১৭ সাল পর্যন্ত ৪৫টি কলেজকে জাতীয়করণ করে সেগুলোর শিক্ষকদের 'ক্যাডার স্টেটাস' দিয়েছে, কিন্তু এখন তাদের নন-ক্যাডার নির্ধারণ করে নতুন আত্তীকরণ বিধিমালার খসড়া প্রস্তুত করেছে মন্ত্রণালয়। আবার জাতীয়করণের আওতায় আসা কলেজ শিক্ষকরাও 'ক্যাডার মর্যাদা'র জন্য আন্দোলন করে আসছেন।

বিসিএস শিক্ষা সমিতির একাধিক নেতা সংবাদকে বলেন, 'বেসরকারি কলেজে শিক্ষক নিয়োগে পদে পদে অনিয়ম, দুর্নীতি ও স্বজনপ্রীতি ছিল। কাজেই দলীয় বিবেচনায় নিয়োগ পাওয়া শিক্ষকরা ক্যাডার মর্যাদা পেতে পারেন না। ইতোমধ্যে যাদের ক্যাডার মর্যাদা নেয়া হয়েছে, তাদের কারণেই সরকারি কর্মকমিশনের মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষা ক্যাডার সদস্যরা পদোন্নতিসহ নানা প্রাপ্য থেকে বঞ্চিত হচ্ছেন। শিক্ষা ক্যাডারে বিশৃঙ্খলা দেখা দিয়েছে। এই বিশৃঙ্খলার দায় শিক্ষা মন্ত্রণালয় এড়াতে পারেন না।'